

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২২ মার্চ ২০২০
০৮ চৈত্র ১৪২৬


বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের অভ্যন্তরে করোনা ভাইরাস (কোভিড -১৯) -এ আক্রান্ত রোগী শনাক্ত হওয়ায় কোম্পানির সকল কর্মচারীকে সম্ভাব্য করোনা ভাইরাস প্রতিরোধে নিম্নোক্ত করণীয় বিষয়াবলী অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হলোঃ

- ❖ হাঁচি বা কাশি দেওয়ার সময় টিস্যু বা হাতের কনুই দিয়ে নাক ও মুখ ঢেকে রাখতে হবে;
- ❖ যত্রতত্র কফ থুথু ফেলা পরিহার করা;
- ❖ সাবান পানি বা স্যানিটাইজার দিয়ে হাত ধোয়া এবং হাত না ধুয়ে মুখ, চোখ ও নাক স্পর্শ না করা;
- ❖ ঘরে ফিরে হ্যান্ডওয়াশ দিয়ে অন্তত ২০ সেকেন্ড ভাল করে হাত ধোয়া, আঙুলের খাঁজসহ হাতের দুই পৃষ্ঠ খুব ভালো করে ধোয়া;
- ❖ হাঁচি-কাশি দেওয়ার পর, রোগীর শুশুযা করার পর, পয়ঃনিষ্কাশন করার পর, পোষা পশু পাখি কিংবা পশু পাখির মল স্পর্শ করার পর এবং খাবার প্রস্তুত করার আগে ও পরে পরিষ্কার করে হাত ধোয়া;
- ❖ যেসব বস্তুতে অনেক মানুষের স্পর্শ লাগে, যেমন: সিঁড়ির রেলিং, দরজার নব, লিফ্ট -এর সুইচ ও হাতল, লিফ্ট এ হেলান, পানির কল, টাকা, কম্পিউটারের মাউস বা ফোন, গাড়ির বা রিকশার হাতল ইত্যাদি ধরলে সঙ্গে সঙ্গে হাত পরিষ্কার করা;
- ❖ নিজে কে নিরাপদ রাখতে সন্দেহজনক আক্রান্ত ব্যক্তি/ঠান্ডা বা ফ্লু আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে না আসা, হ্যান্ডশেক ও কোলাকুলি পরিহার করা;
- ❖ ঘরের বাহিরে বের হলে মুখে মাস্ক ব্যবহার করা;
- ❖ ব্যবহৃত টিস্যু, রুমাল, সার্জিক্যাল মাস্ক একবার ব্যবহারের পর যথাযথ জায়গায় ফেলা;
- ❖ মাছ, মাংস, ডিম ইত্যাদি প্রাণিজ খাবার ভালোভাবে সিদ্ধ করা;
- ❖ গণপরিবহন, জনসমাগম এড়িয়ে চলা;
- ❖ নিয়মিত থাকার ঘর ও কাজের জায়গা পরিষ্কার করা;
- ❖ বিদেশ ভ্রমণ করে আসা ব্যক্তিদের সাথে মেলামেশার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা এবং অপ্রয়োজনে বিদেশ ভ্রমণ না করা;
- ❖ সাবান/ডিটারজেন্ট দিয়ে জামা-কাপড় ভালো করে ধোয়া;
- ❖ ঠান্ডা পরিবেশ পরিহার করা;
- ❖ স্বাস্থ্যকর পানীয় পান করা;
- ❖ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কোনো উপসর্গ যেমন: জ্বর, গলাব্যথা, সর্দি, শুকনো কাশি, শ্বাসকষ্টের সঙ্গে কাশি দেখা দিলে অনতিবিলম্বে চিকিৎসকের পরামর্শ গ্রহণ;
- ❖ করোনা ভাইরাসে আক্রান্ত বলে সন্দেহে স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন: ১৬২৬৩ ও আইইডিসিআরের কন্ট্রোল রুমের হটলাইন : ০১৪০১১৮৪৫৫১, ০১৪০১১৮৪৫৫৪, ০১৪০১১৮৪৫৫৫, ০১৪০১১৮৪৫৫৬, ০১৪০১১৮৪৫৫৯, ০১৪০১১৮৪৫৬০, ০১৪০১১৮৪৫৬৩, ০১৪০১১৮৪৫৬৮, ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০১১, ০১৯২৭৭১১৭৮৪ ও ০১৯২৭৭১১৭৮৫ এ যোগাযোগ করা।

০২। এছাড়া, সরকার কর্তৃক এতদবিষয়ে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


(মোঃ মাহবুবুল হক)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
22 MAR 2020

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)ঃ

০১. ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।